Bengali

আপনার স্বাস্থ্য, মঙ্গল এবং আর্থিক ব্যাপার... সম্পর্কে সিদ্ধান্ত নেওয়া

কে সিদ্ধান্ত নেবে যে, কখন আপনি পারবেন না?

একটি নতুন আইন রয়েছে যা আপনাকে সাহায্য করতে পারে

আপনার কি এমন কোন অসুস্থতা, আঘাত বা অক্ষমতা রয়েছে যার জন্য আপনার সিদ্ধান্ত নিতে সমস্যা হয়?

আপনি কি এমন কারোর তত্ত্বাবধান করেন, সাথে কাজ করেন বা জানেন যার সিদ্ধান্ত নিতে সমস্যা হয়?

ভবিষ্যতে আপনার যদি নিজের সম্পর্কে গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নিতে সমস্যা হয়, সেক্ষেত্রে আপনি কি আগে থেকে পরিকল্পনা করে নিতে চান?

একটি নতুন আইন হয়েছে যা আপনাকে সাহায্য করতে পারে।

মেন্টাল ক্যাপাসিটি অ্যাক্ট 2005

আমরা প্রতিদিন আমাদের জীবনের প্রচুর বিষয় সম্পর্কে সিদ্ধান্ত নিয়ে থাকি। সিদ্ধান্ত নেওয়ার সামর্থ্যকে বলে মানসিক সামর্থ্য। সবসময় বা কিছু সময় লোকেদের কিছু সিদ্ধান্ত নিতে সমস্যা হয়। এটি হতে পারে কারণ তাদের এগুলি থাকতে পারে :

- শেখার ক্ষেত্রে একটি অসামর্থ্য
- স্মৃতিভ্রম
- একটি মানসিক স্বাস্থ্য জনিত সমস্যা
- মাথার আঘাত মস্তিষ্কের আঘাত পরিণত হয়ছ

এবং আমাদের মধ্যে কারো ভবিষ্যতে মানসিক সামর্থ্যে ঘাটতি দেখা দিলে, উদাহরস্বরূপ, একটি দুর্ঘটনার কারণে তা হলে, আগে থেকে পরিকল্পনা করা যেতে পারে।

মেন্টাল ক্যাপাসিটি অ্যাক্টটি ইংল্যান্ড ও ওয়েলশের লোকেদের উপর প্রভাব ফেলবে। এই পরিস্থিতিগুলিতে লোকেদের উপর এর প্রভাব পড়বে। এছাড়াও তাদের পরিবার, তত্ত্বাবধায়ক, স্বাস্থ্য ও সমাজ সেবা কর্মী ও তাদের সংস্পর্শে আসা অন্যান্য ব্যক্তির উপরও এর প্রভাব পড়বে। এর আওতায় সমস্ত ধরণের মূখ্য সিদ্ধান্তগুলি পড়তে পারে যেখানে একজন ব্যক্তির বিভিন্ন বিষয়গুলি যেমন : আর্থিক, সমাজ সেবা, মেডিক্যাল চিকিৎসা এবং গবেষণা ব্যবস্থা ও তার সাথে সাথে দৈনন্দিন সিদ্ধান্তের ক্ষেত্রে সিদ্ধান্ত নেওয়ার সামর্থ্যে ঘাটতি হতে পারে, এবং এক্ষেত্রে এই অ্যাক্টের আওতায় সমস্ত ধরণের মূখ্য সিদ্ধান্তগুলি থাকবে।

অ্যাক্টটি সাধারণভাবে শুধু 16 বা তার বেশী বয়সের লোকেদের উপর প্রভাব ফেলবে।

অ্যাক্টটি এপ্রিল 2007 থেকে কার্যকর করা হবে, এপ্রিলে ইন্ডিপেন্ডেন্ট মেন্টাল ক্যাপাসিটি অ্যাডভোকেট (IMCA) সুবিধা (ইংল্যান্ডে) এবং নতুন অপরাধ চিহ্নিতকরণটি চালু হবে। অক্টোবরে ওয়েলশের IMCA-গুলি এবং এই অ্যাক্টের আওতাধীন অন্য সমস্ত সুবিধাগুলি শুরু হবে, যার মধ্যে অর্ন্তভুক্ত রয়েছে একটি নতুন কোর্ট অফ প্রোটেকশন, পাবলিক গার্ডিয়ান এবং অফিস অফদি পাবলিক গার্ডিয়ান।

এই পুস্তিকায় ব্যাখ্যা করা হয়েছে যে, এগুলি কি

কিভাবে অ্যাক্টটি আপনার উপর প্রভাব ফেলতে পারে

আপনি যদি কিছু সিদ্ধান্ত নিতে অসমর্থ হন, তাহলে এই অ্যাক্টটি ব্যাখ্যা করবে যে :

- আপনার নিজের সিদ্ধান্তগুলি গ্রহণ করার জন্য আপনার যত বেশী সম্ভব সহায়তা নেওয়া প্রয়োজন।
- আপনি একটি বিশেষ সময়ে একটি বিশেষ সিদ্ধান্ত নিতে সমর্থ কিনা তা দেখার জন্য কিভাবে একটি সামর্থ্য মূল্যায়ন করা হয়
- এমনকি আপনি যদি নিজের সম্পর্কে একটি খুব জটিল সিদ্ধান্ত নিতে না পারেন তার মানে এই নয় যে, আপনি আরো সহজ সিদ্ধান্তগুলি নিতে পারবেন না
- এমনকি যদি কেউ আপনার হয়ে সিদ্ধান্ত নিয়ে থাকে, সেক্ষেত্রেও আপনাকে যতটা সম্ভব বেশী ভূমিকা নিতে হবে
- আপনার হয়ে কেউ সিদ্ধান্ত নিলে তাকে অবশ্যই আপনার স্বার্থরক্ষাকে সবচেয়ে বেশী গুরুত্ব দিতে হবে
- একটি নতুন সেফগার্ড বা সুরক্ষাঢাল রয়েছে, যা হল ইন্ডিপেন্ডেন্ট মেন্টাল ক্যাপাসিটি অ্যাডভোকেট (IMCA), যা আপনার বিশেষ গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নেওয়ার সামর্থ্যে ঘাটতি হলে এবং পরামর্শ নেওয়ার মত কেউ না থাকলে, আপনার প্রতিনিধিত্ব করতে পারে।

আপনি যদি ভবিষ্যতের জন্য আগে থেকে পরিকল্পনা করতে চান, তাহলে এই অ্যাক্টটি :

- আপনাকে একটি লাস্টিং পাওয়ার অফ অ্যাটর্ণী তৈরী করতে দেয়, যা আপনাকে কাউকে নিয়োগ করার ক্ষমতা দেয় যাতে আপনার কখনো নিজের আর্থিক ব্যাপার ও সম্পত্তি এবং আপনার স্বাস্থ্য সেবা বা মঙ্গলের ক্ষেত্রে সিদ্ধান্ত নেওয়ার সামর্থ্যে ঘাটতি হলে, ঐ ব্যক্তি সিদ্ধান্তগুলি নিতে পারেন।
- আপনাকে একটি 'চিকিৎসা প্রত্যাখ্যান করার অগ্রিম সিদ্ধান্ত' নেওয়ার ক্ষমতা দেয়, যদি এমন কোন মেডিক্যাল চিকিৎসা থাকে যা আপনি ভবিষ্যতে কোন সময়ে নিতে চাইবেন না, কিন্তু হয়তো সামর্থ্যে ঘাটতি থাকার জন্য তা আপনি প্রত্যাখ্যান করতে পারবেন না।

আপনি যদি পরিবারের একজন সদস্য হন বা অন্য অবৈতনিক তত্ত্বাবধায়ক হন, তাহলে অ্যাক্টটি :

- আপনাকে বুঝতে সাহায্য করবে যে, কখন ও কিভাবে আপনি এমন কারো হয়ে কাজ করতে পারেন যার সিদ্ধান্ত নেওয়ার সামর্থ্যে ঘাটতি রয়েছে - এবং আপনি যদি তা করে থাকেন তাহলে সেফগার্ড বা সুরক্ষাঢাল ও সীমাবদ্ধতাগুলি বুঝতেও সাহায্য করবে
- বলবে যে, আপনার কখন বিশেষজ্ঞদের পরামর্শ নেওয়া উচিত, উদাহরণস্বরূপ, পরিবারের একজন সদস্যের সামর্থ্যে ঘাটতি থাকলে একজন ডাক্তার তার চিকিৎসা সংক্রান্ত সিদ্ধান্ত নেবেন।

আপনি যদি স্বাস্থ্য ও সমাজ সেবা ক্ষেত্রে কাজ করেন, তাহলে অ্যাক্টটি :

- কোন ব্যক্তির সিদ্ধান্ত নেওয়ার সামর্থ্যে ঘাটতি দেখা দিলে, তার মানসিক সামর্থ্যের মূল্যায়ন করতে এবং তাদের সবচেয়ে বড় স্বার্থগুলিকে চিহ্নিত করতে একটি ফ্রেমওয়ার্ক বা অবকাঠামো প্রদান করে
- সেবা ও চিকিৎসা নেওয়ার সম্মতি দেওয়ার সামর্থ্যে ঘাটতি রয়েছে এমন কারো সাথে কখন কাজ করতে হবে সে ব্যাপারে এটিতে সেফগার্ড বা সুরক্ষাঢাল ও সীমাগুলি রয়েছে।

আপনি যদি আইন, ব্যাঙ্কিং বা পরামর্শ ক্ষেত্রে কাজ করেন, অ্যাক্টটি :

- সামর্থ্যে ঘাটতি রয়েছে এরকম লোকেদের মানসিক স্বাস্থ্য সংক্রান্ত বিষয়গুলি নিয়ে কাজ করার জন্য একটি একক, সুসঙ্গত ফ্রেমওয়ার্ক বা অবকাঠামো প্রদান করে এবং বিবাদ নিষ্পত্তি, স্বাস্থ্য ও মঙ্গল সংক্রান্ত বিষয়গুলি ও আর্থিক ব্যাপারগুলি নিয়ে কাজ করার জন্য একটি উন্নত ব্যবস্থা প্রদান করে।

অ্যাক্টটি গুরুত্বপূর্ণ সেফগার্ড বা সুরক্ষাঢাল তৈরী করে :

- একটি নতুন কোর্ট অফ প্রোটেকশন যেটির এই ঘোষণা দেওয়ার ক্ষমতা থাকবে যে, একজন সামর্থ্যে ঘাটতি থাকা ব্যক্তির অর্ডার দেওয়া বা সহকারী নিয়োগ করা বা তার হয়ে অন্য কেউ সিদ্ধান্ত নিতে পারবে কিনা। অনেক ক্ষেত্রে, কোর্টে না গিয়েও কঠিন পরিস্থিতিগুলি সামালানোর জন্য অন্য রাস্তাও থাকতে পারে, যেমন বর্তমান অভিযোগ পদ্ধতিগুলি।
- পাবলিক গার্ডিয়ান নামের একটি নতুন সরকারী অফিসার যার এই অ্যাক্টের আওতায় বেশকিছু দায়িত্ব রয়েছে যার মধ্যে অর্ন্তভুক্ত রয়েছে, LPA - গুলি রেজিস্টার করা এবং আদালত নিযুক্ত সহকারীদের পরিচালিত করা। পাবলিক গার্ডিয়ানকে এই দায়িত্বগুলি পালনের ক্ষেত্রে, একটি নতুন অফিস অফ পাবলিক গার্ডিয়ানের (OPG) সাহায্য করবে যা বর্তমান পাবলিক গার্ডিয়ানশিপ অফিস (PGO)-কে প্রতিস্থাপিত করবে।
- সামর্থ্যে ঘাটতি রয়েছে এমন কোন ব্যক্তির ক্ষেত্রে খারাপ চিকিৎসা বা ইচ্ছাকৃত অবহেলার ক্ষেত্রে একটি নতুন অপরাধী কার্যক্রমের স্বীকৃতি

একটি কোড অফ প্র্যাকটিসে ব্যাখ্যা করা হবে যে, কিভাবে নতুন আইনটি কাজ করবে যা এপ্রিল 2007 থেকে পাওয়া যাবে। অ্যাক্টটিতে বলা হয়েছে যে, অন্যদের মধ্যে বিশেষজ্ঞ এবং বেতনপ্রাপ্ত তত্ত্বাবধায়কদের অবশ্য কোডটি মেনে চলতে হবে।

অ্যাক্টটি কিভাবে বর্তমান ব্যবস্থাগুলির উপর প্রভাব ফেলবে?

সামর্থ্যে ঘাটতি রয়েছে এমন কারো জন্য আপনি যদি গ্রহণকারী হন :

- নতুন আইন আসার পরেও আপনার ক্ষমতাগুলি বজায় থাকবে, তবে আপনি নতুন কোর্ট অফ প্রোটেকশন দ্বারা নিযুক্ত একজন সহযোগী হিসেবে বিবেচিত হবেন। পাবলিক গার্ডিয়ানশীপ অফিস বর্তমান সমস্ত গ্রহণকারীদের সাথে যোগাযোগ করবে, যাতে প্রয়োজনীয় প্রশাসনিক ব্যবস্থাগুলি করা যায়। আপনাকে আমাদের সাথে যোগাযোগ করতে হবে না।

আপনি যদি একটি এনডিওরিং পাওয়ার অফ এটর্নী প্রস্তুত করেন (EPA) বা EPA-এর আওতায় কারো হয়ে কাজ করেন :

- নতুন আইন আসার পরেও তা বৈধ থাকবে, যদি না EPA প্রস্তুতকারী তা নষ্ট করার সিদ্ধান্ত নেন এবং একটি LPA দিয়ে এটিকে প্রতিস্থাপিত করেন।

আইনটি চালু হওয়ার আগে

সামর্থ্যে ঘাটতি রয়েছে এরকম কারো আর্থিক ব্যাপারগুলি সামালানো বা ভবিষ্যতের জন্য পরিকল্পনা করার ক্ষেত্রে, এই পরিবর্তনগুলি অবশ্য আপনাকে প্রয়োজনীয় পদক্ষেপগুলি নিতে বাধা দেবে না।

আরো তথ্যের জন্য পাবলিক গার্ডিয়ান অফিসের সাথে যোগাযোগ করুন এই ঠিকানায় :

ই-মেল : custserv@guardianship.gsi.gov.uk

টেলিফোন : 0845 330 2900

বা ওয়েবসাইটে যান : www.guardianship.gov.uk

নতুন অ্যাক্টটি সম্পর্কে আরো তথ্য

অ্যাক্টটি দ্বারা প্রভাবিত নীচের গোষ্ঠীর ব্যক্তিদের জন্য আমরা আরো বিশদ তথ্য পুস্তিকাগুলি প্রস্তুত করতে থাকব (বিনামূল্যে) :

1. লোকেরা যাদের সামর্থ্যে ঘাটতি থাকতে পারে বা যারা ভবিষ্যতের জন্য আগে থেকে পরিকল্পনা করে নিতে চান
2. পরিবারের সদস্য ও অন্যান্য অবৈতনিক তত্ত্বাবধায়করা
3. স্বাস্থ্য ও সমাজ সেবায় কর্মরত কর্মীরা
4. পরামর্শ কর্মীরা
5. শিখতে অসামর্থ্য রয়েছে এরকম লোকেরা

আপনি যদি এই পুস্তিকাগুলি পেতে চান (বা এই পুস্তিকাটির আরো কপি পেতে চান) অনুগ্রহ করে, নীচের মুদ্রিত ঠিকানায় যোগাযোগ করুন :

ই-মেল: reorder@inprintlitho.com

টেলি: 023 80 878038 বা 023 80 878036

ফ্যাক্স: 023 80 528324

অনুরোধক্রমে এই পুস্তিকাটি অন্যান্য ভাষাতে এবং বিকল্প ফরম্যাটগুলিতে পাওয়া যাবে।

যোগাযোগ ও তথ্যের বিবরণী

পোস্ট : Mental Capacity Implementation Programme
Department for Constitutional Affairs
5th floor, Steel House
11 Tothill Street
London
SW1H 9LH

ই-মেল : makingdecisions@dca.gsi.gov.uk

ওয়েবসাইট : www.dca.gov.uk/legal-policy/mental-capacity

নতুন মেন্টাল ক্যাপাসিটি অ্যাক্ট সম্পর্কিত তথ্যাবলী আপনার কাছে উপস্থাপিত হয়েছে নীচের সংস্থাগুলির দ্বারা :

Department of Health

Llywodraeth Cynulliad Cymru
Welsh Assembly Government

public guardianship office

dca
Department for Constitutional Affairs
Justice, rights and democracy

© Crown Copyright 2007

ref MCIP2